ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ- এর দৈনিক বার্তাপত্র

দৈনিক তারুণ্য

বর্ষ: ১, সংখ্যা: ১; ২ এপ্রিল ২০২০ (প্রস্তুতি সংখ্যা, প্রচারের জন্য নয়)

ইয়ুথ এন্ডিং হাঙ্গার যশোর অঞ্চলের আঞ্চলিক সভা অনুষ্ঠিত

প্রতিবেদন, রাকিবুল ইসলাম রকি

গত ৩১ মার্চ ২০২০ তারিখে অনলাইন যোগাযোগ মাধ্যম ব্যবহার করে ইয়ুথ এন্ডিং হাঙ্গার যশোর অঞ্চলের সভা অনুষ্ঠিত হয়। সভায় বর্তমান সময়ের সবচেয়ে বড় সমস্যা করোনাভাইরাস (Covid-19) সংক্রমণের ঝুঁকির প্রেক্ষিতে স্বেচ্ছাব্রতী তরুণ নেতৃত্বের করণীয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রায় দুই ঘণ্টাব্যাপী অনুষ্ঠিত সভায় অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে কিছু সিদ্ধান্ত গৃহীত হয়।

সবাই যখন করোনাভাইরাস সংক্রমণ থেকে নিজেকে সুরক্ষিত রাখতে বাসায় অবস্থান করছে, তখন যশোর অঞ্চলের কুষ্টিয়া, রাজবাড়ি, ঝিনাইদহ, যশোর ও মেহেরপুর জেলার এবং খুলনায় ডুমুরিয়া উপজেলার ইয়ূথ লিডাররা মানুষকে সচেতন করার পাশাপাশি সুবিধানঞ্চিত ও অতিদরিদ্র মানুষের পাশে দাঁড়িয়েছে।

ন্যাশনাল ফোরামের সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে তরুণদের মেধা বিকাশ ও বই_পড়ার প্রতি আগ্রহ সৃষ্টির লক্ষ্যে বই পড়া প্রতিযোগিতা আয়োজন করার সিদ্ধান্ত নেওয়া হয়। এ লক্ষ্যে যশোর অঞ্চলের ছয় সদস্যবিশিষ্ট সমন্বয় টিম গঠন করা হয়। সকলের মতামতের ভিত্তিতে সুমাইয়া সুলতানা দিবাকে যশোর অঞ্চরের বই পড়া প্রতিযোগিতার সমন্বয়কারী করা হয়।

ইয়ূথ এন্ডিং হাঙ্গার যশোর অঞ্চলের কার্যক্রম সবার মাঝে তুলে ধরার জন্যএকটি ফেসবুক পেজ খোলার সিদ্ধান্ত নেয়া হয় এবং প্রতিটি জেলার ইয়ূথদের সাথে যোগাযোগ গতিশীল করতে মেসেঞ্জার গ্রুপ খোলা বলে বলে জানানো হয়।

সভায় উপস্থিত ছিলেন যশোর অঞ্চলের কো-অর্ডিনেটর রাকিবুল ইসলাম রকি, যুগ্ম কো-অর্ডিনেটর সুমাইয়া সুলতানা দিবা; যশোর জেলার কো-অর্ডিনেটর আবু সাঈদ, যুগ্ম কো-অর্ডিনেটর দীপ হালদার; রাজবাড়ি জেলার কো-অর্ডিনেটর আনিচ আহম্মেদ, কুষ্টিয়া জেলার যুগ্ম কো-অর্ডিনেটর সারমিন সন্ধ্যা, ঝিনাইদহ জেলা কো-অর্ডিনেটর ফয়সাল মাহমুদ অয়ন, ডুমুরিয়া জেলা কো-অর্ডিনেটর ফয়সাল মাহমুদ এবং মেহেরপুর জেলা কো-অর্ডিনেটর ফিরোজ আহম্মেদ পলাশ।

গাংনীর স্বেচ্ছাব্রতী তরুণদের অনন্য উদ্যোগ

প্রতিবেদন, সবুজ আহমেদ খান

মেহেরপুর জেলার গাংনী উপজেলা ইয়ুথ এন্ডিং হাঙ্গার ও গাংনী উপজেলার সেচ্ছাসেবী সংগঠন ‘কাম ফর হিউম্যানিটি’র সমন্বয়ে গাংনী উপজেলার বামুন্দী ইউনিয়নের রামনগর গ্রামের যুবকদের নিয়ে পুরো গ্রামের রাস্তা, বাজার, দোকানপাট, বাড়ির গেট, মসজিদসহ ঘনবসতিপূর্ণ সরকারি গুচ্ছপাড়ার ৪০টি বাড়িতে করোনাভাইরাস প্রতিরোধে জীবাণুনাশক ব্লিচিং পাউডার স্প্রে করা হয়।

সামাজিক দায়িত্ববোধের চেতনায় উদ্দীপিত হয়ে এই কাজে যুক্ত ছিলেন আশিক ইকবাল , তপু রায়হান, সজীব খান,নাসিম খান, মিল্টন হোসেন, শিমুল খান প্রমুখ। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ‘কাম ফর

অতিদরিদ্র পরিবারের মঝে ইয়ুথ লিডারদের সাবান বিতরণ

প্রতিবেদন, স্বাধীন হাসান

রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলার আলমবিদিতর ইউনিয়নের দারিদ্রপীড়িত খামার মোহনা হাজিরহাট গ্রামে করোনা ভাইরাস প্রতিরোধে জন্য অতিদরিদ্র ১০টি পরিবারের মাঝে হাত ধোয়ার সাবান বিতরণ করে ইয়ুথ এন্ডিং হাঙ্গারের স্থানীয় নেতা স্বাধীন, সুরুজ, রুবেল,রাকিব। এই স্বেচ্ছাব্রতী তরুণ নেতৃত্ব “সবাই মিলে শপথ করি, করোনাভাইরাসমুক্ত গ্রাম গড়ি” – এই শ্লোগান নিয়ে সামাজিক দায়বদ্ধতার চেতনা থেকে সম্পূর্ণ নিজেদের উদ্যোগে এই কর্মসূচি পরিচালনা করেন।

দৈনিক তারুণ্য
উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিমা আক্তার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব। সহযোগী সম্পাদক: মিশাল বিন সেলিম, ইভান চৌধুরী
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ; সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ
২/২, হেরাল্ডিক হেইটস, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা ১২০৭, +৮৮০২৯১৩০৪৭৯, www.thpbd.org